

☰ ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১৩৪

📖 আরবি মূল আয়াত:

وَلَوْ أَنَّا أَهْلَكْنَاهُمْ بِعَذَابٍ مِّن قَبْلِهِ لَقَالُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا
فَتَتَّبِعَ آيَاتِكَ مِن قَبْلِ أَنْ نُنزِّلَ وَ نَخْزِي ﴿١٣٤﴾

A ✖ অনুবাদসমূহ:

আর যদি আমি তাদেরকে ইতোপূর্বে কোন আযাব দ্বারা ধ্বংস করতাম তবে অবশ্যই, তারা বলত, ‘হে আমাদের রব, আপনি আমাদের কাছে কোন রাসূল পাঠালেন না কেন? তাহলে তো আমরা লাঞ্চিত ও অপমানিত হওয়ার পূর্বে আপনার নিদর্শনাবলী অনুসরণ করতাম’। — আল-বায়ান

এর (অর্থাৎ কোন নিদর্শন আসার) আগেই আমি যদি তাদেরকে ‘আযাব দিয়ে ধ্বংস করে দিতাম তাহলে তারা বলত, ‘হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের কাছে কেন একজন রসূল পাঠালে না? তাহলে আমরা অবশ্যই তোমার নিদর্শন মেনে চলতাম আমরা অপমানিত ও হেয় হবার আগেই। — তাইসিরুল

যদি আমি তাদেরকে ইতোপূর্বে শাস্তি দ্বারা ধ্বংস করতাম তাহলে তারা বলতঃ হে আমাদের রব! আপনি আমাদের নিকট একজন রাসূল প্রেরণ করলেন না কেন? তা হলে আমরা লাঞ্চিত ও অপমানিত হবার পূর্বে আপনার নিদর্শন মেনে চলতাম। — মুজিবুর রহমান

And if We had destroyed them with a punishment before him, they would have said, "Our Lord, why did You not send to us a messenger so we could have followed Your verses before we were humiliated and disgraced?" — Sahih International

১৩৪. আর যদি আমরা তাদেরকে ইতোপূর্বে শাস্তি দ্বারা ধ্বংস করতাম, তবে অবশ্যই তারা বলত, হে আমাদের রব! আপনি আমাদের কাছে কোন রাসূল পাঠালেন না কেন? পাঠালে আমরা লাঞ্চিত ও অপমানিত হওয়ার আগে আপনার নিদর্শনাবলী অনুসরণ করতাম।

-

তফসীরে জাকারিয়া

(১৩৪) যদি আমি ওদেরকে তার[1] পূর্বে শাস্তি দ্বারা ধ্বংস করতাম তাহলে ওরা বলত, ‘হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের নিকট একজন রসূল প্রেরণ করলে না কেন? করলে আমরা লাঞ্চিত ও

অপমানিত হওয়ার পূর্বেই তোমার নিদর্শন মেনে নিতাম।’

[1] এখানে ‘তার’ বলতে শেষ নবী মুহাম্মদ (সাঃ)-কে বুঝানো হয়েছে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2482>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন